**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 18-09-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন আজ নতুনদিল্লি থেকে এক ভিডিও কনফারেন্সের মাধ্যমে এন.পি.এস বাৎসল্য প্রকল্প-এর উদ্বোধন করেন।**

**(২) শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা বলেছেন, বাঁশকে কেন্দ্র করে ত্রিপুরার জনগণের আর্থ সামাজিক মানোন্নয়ন ঘটছে এবং তারা আত্মনির্ভর হয়ে উঠছেন।**

**(৩) 'এক দেশ, এক নির্বাচন' প্রস্তাবের অনুমোদন দিল কেন্দ্রীয় মন্ত্রিসভা।**

**(৪) রাজ্যভিত্তিক অনুর্ধ সতেরো বালক-বালিকা উভয় বিভাগের খো-খো প্রতিযোগিতা আজ থেকে কৈলাশহরের ভদ্রপল্লী স্কুল মাঠে শুরু হয়েছে।**

*******************************************

**NPS Vatsalya, Sekerkot:**

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন আজ নয়াদিল্লি থেকে এক ভিডিও কনফারেন্সের মাধ্যমে এন.পি.এস বাৎসল্য প্রকল্প-এর উদ্বোধন করেন। এই উপলক্ষে আজ দেশের প্রায় ৭৫ টি স্থানে একযোগে এনপিএস বাৎসল্য অনুষ্ঠানের আয়োজন করা হয়। তারই অঙ্গ হিসেবে পশ্চিম ত্রিপুরা জেলার সেকেরকোট উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে রাজ্য স্তরীয় ব্যাংকার্স কমিটির (এসএলবিসি) আহ্বায়ক পাঞ্জাব ন্যাশনাল ব্যাংকের উদ্যোগে একটি বিশেষ

কর্মসূচির আয়োজন করা হয়। এন.পি.এস বাৎসল্যের উদ্বোধনী অনুষ্ঠানের সরাসরি সম্প্রচার দেখানো হয় সেকেরকোট উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে। ১৮ বছরের কম বয়সী ছেলে-মেয়েরা বা তাদের অভিভাবকেরা তাদের সন্তানদের জন্য যেকোন ব্যাঙ্ক-এর একাউন্টে বছরে নুন্যতম ১০০০ টাকা করে জমা করতে পারবে নুতন এই প্রকল্পে। যখন ঐ ছেলে মেয়েদের ১৮ বছর পূর্ণ হবে প্রয়োজনবোধে জমাকৃত টাকার সম্পূর্ণ বা একাংশ তুলতে পারবে তারা । এই প্রকল্পে ৬০ বছর পূর্ণ হলে পেনশন পাবে সুবিধাভোগীরা। পাঞ্জাব ন্যাশনাল ব্যাংকের DGM ঋতুরাজ কৃষ্ণা জানিয়েছেন প্রকল্পটিকে জীবনের শুরু থেকেই সঞ্চয় প্রবনতা, আর্থিক ভাবে আত্ম  সুরক্ষা ও সামাজিক সুরক্ষার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ। অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন SLBC -র ম্যানেজার উত্তম কুমার মুখার্জী, লিড ডিস্ট্রিক্ট ম্যানেজার মনোজ ভৌমিক, নাবার্ডের DDM রাজেশ কুমার চান্দেকর,  সেকেরকোট বিদ্যালয়ের প্রধানশিক্ষক সন্তোষ কুমার রায় চৌধুরী প্রমুখ।

******************

**World Bamboo Day - Pragna Bhawan:**

শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা বলেছেন, বাঁশকে কেন্দ্র করে ত্রিপুরার জনগণের আর্থ সামাজিক মানোন্নয়ন ঘটছে এবং তারা আত্মনির্ভর হয়ে উঠছে। বিশ্ব বাঁশ দিবস উপলক্ষ্যে আজ প্রজ্ঞা ভবনে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। শিল্প ও বাণিজ্য মন্ত্রী বলেন, বাঁশ শিল্পের কারণে ত্রিপুরা দেশ বিদেশে বিশেষ পরিচিতি লাভ করেছে। রাজ্য সরকার রাজ্যে আগামী দিনে বাঁশের উৎপাদন বৃদ্ধি ও নিত্যনতুন উপায়ে শিল্পী-কারিগরদের কিভাবে প্রশিক্ষণ কর্মসূচি আরো সমৃদ্ধ করা যায় সেই বিষয়েও লক্ষ্য রাখছে। রাজ্যে বর্তমানে ৪হাজার ২০০বর্গ কিলোমিটার জমিতে বাঁশ চাষের সংস্থান রাখা হয়েছে। রাজ্যের প্রায় ১লক্ষ মানুষ তাদের জীবিকার জন্য বাঁশ শিল্পের উপর নির্ভর করছেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন ত্রিপুরা ব্যাম্বু মিশনের মিশন

অধিকর্তা এস প্রভু, শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্তে, প্রধান মুখ্য বন সংরক্ষক আর কে শ্যামল প্রমুখ। অনুষ্ঠানে বাঁশ দিয়ে বিভিন্ন জিনিষ প্রস্তুতকারক ১৩জনকে সম্বর্ধনা প্রদান করা হয়।

******************

**Forest Minister, Flood:**

বনমন্ত্রী অনিমেষ দেববর্মা আজ সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে জানান, বন্যায় প্রাথমিক হিসাব অনুযায়ী সাম্প্রতিক ভয়াবহ বন্যায় বন দপ্তরের ক্ষতি ৪০ কোটি টাকাও বেশি। তিনি জানান, বন্যায় বন এলাকায় অন্তত ৪৫০ থেকে ৪৭০ টি চেকড্যাম সম্পূর্ণভাবে ধ্বংস হয়ে গেছে। বনভিত্তিক কৃষি, নার্সারি, মৎস্য চাষ প্রভৃতির প্রচুর ক্ষতি হয়েছে। রাজ্যের বন দপ্তরের কাজ কর্ম খতিয়ে দেখতে কেন্দ্রীয় বন পরিবেশ মন্ত্রী ভুপেন্দ্র যাদব আগামী নভেম্বর মাসে ত্রিপুরায় আসতে পারেন বলে বন মন্ত্রী জানিয়েছেন।

******************

**Mukhyamantri samepeshu:**

'মুখ্যমন্ত্রী সমীপেষু' কর্মসূচিতে আজও মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডা:) মানিক সাহা জনগণের সঙ্গে সাক্ষাৎকারে মিলিত হন। মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে আয়োজিত সাপ্তাহিক এই কর্মসূচিতে সাধারণ মানুষ চিকিৎসা, এলাকার রাস্তাঘাটের সংস্কার সহ বিভিন্ন সমস্যা নিয়ে মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করেন। প্রত্যেকেই মুখ্যমন্ত্রীর কাছ থেকে সমস্যা সমাধানের পথ খুঁজে পেয়ে আশ্বস্ত হন।

আজকের কর্মসূচিতে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রীর সচিব ড. পি কে চক্রবর্তী, স্বাস্থ্য ও নগরোন্নয়ন দপ্তরের সচিব কিরণ গিত্যে, সচিব এল দারলং, সমাজশিক্ষা ও সমাজকল্যাণ দপ্তরের অধিকর্তা

তপন দাস, জিবি হাসপাতালের সুপার ডা. শঙ্কর চক্রবর্তী, ক্যান্সার হাসপাতালের সুপার এস দেববর্মা প্রমুখ।

*******************

**LPI. Workshop:**

লিঙ্গ বৈষম্য ব্যতিরেকে স্ত্রী- পুরুষ, তৃতীয় লিঙ্গ সকলের সমানাধিকারের বিষয়ে সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে আজ আগরতলা স্থলবন্দর কর্তৃপক্ষের নবনির্মিত অত্যাধুনিক প্রশিক্ষণ কেন্দ্রে কর্মক্ষেত্রে লিঙ্গ বৈষম্য ব্যতিরেকে সকলের সমানাধিকার নিয়ে দু'দিনব্যাপী কর্মশালা শুরু হয়েছে । কর্মশালায় দেশের ১০ টি স্থলবন্দরের কর্মকর্তারা অংশ নেন।

উল্লেখ্য, ভারতের স্থল বন্দর কর্তৃপক্ষ দেশের সব স্থল বন্দরে মহিলা যাত্রী ও মহিলা কর্মীসহ লিঙ্গ বৈষম্য ব্যতিরেকে সকলের সমানাধিকারের উপর গুরুত্ব দিয়েছে । বিশেষ করে কর্মক্ষেত্রে মহিলাদের সুরক্ষা ও সমানাধিকারের বিষয়ে গুরুত্ব আরোপ করেছে স্থল বন্দর কর্তৃপক্ষ। স্থলবন্দর কর্তৃপক্ষের অভ্যন্তরীণ অভিযোগ কমিটি আই সি সি এ ব্যপারে কিছু নির্দেশিকা জারী করেছে। ২০২৭ সালের মধ্যে দেশের সব স্থল বন্দরে মহিলা ও ছোট শিশুদের জন্যও বেশ কিছু সুযোগ সুবিধা অন্তর্ভুক্ত করার উদ্যোগ গ্রহন করার নির্দেশ দেওয়া হয়েছে। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ত্রিপুরা রাজ্য সরকারের শিল্প ও বানিজ্য দপ্তরের সচিব কীরণ গিত্তে বলেন, কর্মক্ষেত্রে মহিলারাও যেন সব ধরনের সুযোগ সুবিধা পেতে পারেন তার জন্য পৃথক এস ও পি তৈরি করা হয়েছে। তা মেনে চলার উপর গুরুত্ব দেন তিনি। অনুষ্ঠানে, মুখ্য বক্তা রাজ্যের এডভোকেট জেনারেল সিদ্ধার্থ শঙ্কর দে বলেন, অপরাধ দমনে দেশে নানা আইন রয়েছে তা মানতে হবে। তিনি বলেন, কর্মক্ষেত্রেই আমাদের সবচেয়ে বেশি সময় কাটে। সহকর্মীর সঙ্গে সঠিক আচরনের বিষয়ে মানুষকে তার পারবারিক শিক্ষা ও সহজাত প্রবৃত্তির মধ্যে থেকেই সচেতন হতে হবে । কর্মশালায় স্বাগত ভাষণে ভারতের

স্থল বন্দর কর্তৃপক্ষের অর্থ বিষয়ক সদস্যা শ্রীমতী রেখা রাইকর কুমার বলেন, আগামী দু'বছরের মধ্যে দেশের স্থলবন্দরগুলিতে মহিলা ও শিশুদের উপযোগী বিভিন্ন সুযোগ সম্বলিত পরিকাঠামো গড়ে তোলার উদ্যোগ শুরু হয়েছে। অনুষ্ঠানে রাজ্য পুলিশের ডি আই জি ইপের মনচক ডায়ানেবাও বক্তব্য রাখেন। অনুষ্ঠানে স্থলবন্দর কর্তৃপক্ষের অভ্যন্তরীণ অভিযোগ কমিটির পক্ষ থেকে একটি পুস্তিকার আবরন উন্মোচন করা হয়। অনুষ্ঠান শেষে অতিথিরা স্থলবন্দর কর্তৃপক্ষের প্রশিক্ষণ কেন্দ্রের বাগানে গাছের চারা রোপন করেন।

******************

**One Nation One Election:**

'এক দেশ, এক নির্বাচন' প্রস্তাবের অনুমোদন দিল কেন্দ্রীয় মন্ত্রিসভা। সরকার আজ এক দেশ এক নির্বাচনের ধারণা অন্বেষণে গঠিত উচ্চ পর্যায়ের কমিটির সুপারিশ গ্রহণ করেছে, যা সারাদেশে একযোগে নির্বাচনের পথ প্রশস্ত করেছে। কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকের পরে আজ নতুনদিল্লিতে সংবাদমাধ্যমকে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেছেন, প্রাক্তন রাষ্ট্রপতি রাম নাথ কোবিন্দের সভাপতিত্বে গঠিত একটি উচ্চ-পর্যায়ের কমিটি রাজনৈতিক দল এবং বিশেষজ্ঞদের সহ বিভিন্ন অংশীদারদের সঙ্গে ব্যাপক আলোচনা করেছে। তিনি বলেন, এটি দুই ধাপে বাস্তবায়ন করা হবে। প্রথম ধাপে, লোকসভা এবং বিধানসভা নির্বাচন একযোগে অনুষ্ঠিত হবে, অন্যদিকে পঞ্চায়েত এবং পৌরসভার মতো স্থানীয় সংস্থাগুলির নির্বাচনগুলি সাধারণ নির্বাচনের ১০০ দিনের মধ্যে করা হবে।

মন্ত্রী জানান সরকার চন্দ্রযান-৪ মিশন এবং ভেনাস অরবিটার মিশন অনুমোদন করেছে। মন্ত্রীসভা প্রধানমন্ত্রী অন্নদাতা আয় সংরক্ষন অভিযান পিএম-আশার প্রকল্পগুলি গুলি অব্যাহত রাখার অনুমোদন দিয়েছে। এছাড়াও সরকার মোট ৭৯ হাজার ১৫৬ কোটি টাকা ব্যয়ে প্রধানমন্ত্রী জনজাতীয় উন্নয়ন গ্রামীণ

অভিযানকে অনুমোদন দিয়েছে। তিনি বলেন, এই প্রকল্পটি উপজাতীয় সম্প্রদায়ের আর্থ-সামাজিক অবস্থার উন্নতি ঘটাবে ।

******************

**Ek Ped Maa ke Naam:**

এক পেড় মা কে নাম অভিযানের আওতায় তথ্য ও সম্প্রচার মন্ত্রক এখন পর্যন্ত প্রায় সাত হাজার চারা রোপণ করেছে । মন্ত্রকের বিভিন্ন ক্ষেত্রীয় দপ্তরের মাধ্যমে সারা দেশে শহর ও গ্রামীণ উভয় স্থানেই গাছের চারা রোপণ  করা হয়। এই বছর বিশ্ব পরিবেশ দিবসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি "এক পেড় মা কে নাম" প্রচার অভিযান শুরু করেছিলেন।

তথ্য ও সম্প্রচার মন্ত্রক আগস্টের ২য় সপ্তাহ থেকে এই বৃক্ষরোপণ অভিযান শুরু করেছিল । মন্ত্রক জানিয়েছে, ১৭ই সেপ্টেম্বর থেকে আগামী পয়লা অক্টোবর পর্যন্ত পাক্ষিক "স্বচ্ছতাই সেবা" অভিযান চলাকালীন, বৃক্ষরোপণ অভিযানকে ত্বরান্বিত করার চেষ্টা করা হচ্ছে।

******************

**New criminal law:**

ভারতীয় ন্যায় সংহিতার নতুন ফৌজদারি আইনের অধীনে এ পর্যন্ত মোট পাঁচ লক্ষ ৫৬ হাজার এফআইআর নথিভুক্ত করা হয়েছে। তিনটি নতুন ফৌজদারি আইন - ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সাক্ষ্য অধিকার এই বছরের পয়লা জুলাই কার্যকর হয়েছে৷

স্বরাষ্ট্র মন্ত্রকের একজন বরিষ্ঠ আধিকারিক জানিয়েছেন যে এই এফআইআরগুলি এই বছরের পয়লা জুলাই থেকে তেসরা সেপ্টেম্বরের মধ্যে নথিভুক্ত করা হয়েছে। তিনি বলেন, পুলিশ রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট ব্যুরো এবং ন্যাশনাল ফরেনসিক সায়েন্সেস ইউনিভার্সিটি কর্তৃক পরিচালিত নিয়মিত প্রশিক্ষণ ও

ওয়েবিনারের মাধ্যমে আট লক্ষের বেশি কর্মকর্তাকে তিনটি ফৌজদারি আইনের ওপর প্রশিক্ষণ দেওয়া হয়েছে। একটি মোবাইল এবং ওয়েব অ্যাপ্লিকেশন, 'ফৌজদারি আইনের NCRB সংকলন' ব্যবহারকারীদের নতুন ফৌজদারি আইন অনুসরণ করতে সহায়তা করার জন্য পরিকল্পনা করা হয়েছে।

*******************

**Accident:**

খোয়াইয়ের ধলাবিল এলাকায় আজ সকালে পথ দুর্ঘটনায় অমর চাঁদ সরকার নামে এক সাইকেল আরোহীর মৃত্যু হয়। পুলিশ সূত্রে জানা যায় একটি দ্রুতগামী গাড়ি পেছন দিক থেকে ওই সাইকেল আরোহীকে ধাক্কা দেয়। গুরুতরভাবে আহত অবস্থায় তাকে হাসপাতালে নিয়ে গেলে সেখানে তার মৃত্যু হয়।

*******************

**BJP-Kumarghat:**

রাজ্যসভার সাংসদ তথা প্রদেশ BJP সভাপতি রাজীব ভট্টাচার্য আজ দুপুরে ঊনকোটি জেলার কুমারঘাটে সাংগঠনিক বিষয়ে দলীয় কার্যকর্তাদের সঙ্গে বৈঠক করেন। উপস্থিত ছিলেন, বিধায়ক ভগবান চন্দ্র দাস, দলের জেলা সভাপতি পবিত্র চন্দ্র দেবনাথ, দলীয় নেতা অনিমেষ সিনহা প্রমুখ।

*******************

**GEM:**

জেম এক্সিলেন্স সামিট ত্রিপুরা আজ আগরতলা টাউন হলে অনুষ্ঠিত হয়। সামিটের উদ্বোধন করেন বিদ্যুৎ দপ্তরের সচিব অভিষেক সিং। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে জেম চালুর পরবর্তী সময়ে সরকারিভাবে বিভিন্ন সামগ্রী ক্রয়ে কি কি সুবিধা হচ্ছে তা নিয়ে তিনি বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন, জেম পোর্টাল চালু হওয়ায় সরকারি সামগ্রী ক্রয় ও বিক্রয়ে স্বচ্ছতা,

দক্ষতা ও পারদর্শিতা পরিলক্ষিত হচ্ছে। উল্লেখ্য, এখন পর্যন্ত জেম পোর্টালে রাজ্য সরকারের বিভিন্ন দপ্তর ৬৭৯ কোটি টাকার সামগ্রী ক্রয় করেছে।

******************

**Tea Workers Union:**

ত্রিপুরা টি ওয়ার্কাস ইউনিয়ন এবং ত্রিপুরা রাবার শ্রমিক ইউনিয়ন ৫ দফা দাবিতে আজ শ্রম কমিশনারের কাছে ডেপুটেশন প্রদান করে। উল্লেখযোগ্য দাবিগুলি হল আসন্ন দূর্গা পূজার ১৫ দিন আগে এককালিন 20 শতাংশ বোনাস প্রদান করা, দ্রব্য মূল্য বৃদ্ধির সঙ্গে সঙ্গতি রেখে শ্রমিকদের মজুরী বৃদ্ধি, শ্রমিকদের গ্র্যাচুইটি এবং পি এফ -এর টাকা আইন অনুযায়ী প্রদান করা ইত্যাদি। ডেপুটেশনে প্রতিনিধি দলের নেতৃত্ব দেন ত্রিপুরা টি ওয়ার্কার্স ইউনিয়নের সম্পাদক কানু ঘোষ।

******************

**BJP, Programme:**

রানীরবাজারের গীতাবিতান কমিউনিটি হলে আজ বিজেপির সদর গ্রামীন জেলার সাতটি মন্ডলকে নিয়ে সদস্যতা অভিযান কর্মশালার আয়োজন করা হয়। ত্রিপুরার সদস্যতা অভিযানের দায়িত্বপ্রাপ্ত দীলিপ ঘোষ কর্মশালায় আলোচনা করেন। উপস্থিত ছিলেন সদর গ্রামীণ জেলার সভাপতি অসিত রায়, রাজ্য ওবিসি মোর্চার সভাপতি সমীর রঞ্জন ঘোষ সহ অন্যান্যরা।

******************

**Deputation:**

অবিলম্বে স্কলারশিপ প্রদানের দাবিতে আজ জনজাতি কল্যাণ দপ্তরের সামনে বিক্ষোভ প্রদর্শন করে জনজাতি ছাত্র ছাত্রীরা। তাদের দাবী অন্যান্য জনগোষ্ঠীর ছাত্র ছাত্রীরা স্কলারশিপের টাকা পেয়ে থাকলেও তারা এখনো পর্যন্ত স্কলারশিপ পায়নি। ফলে তাদের পড়াশোনার খরচ বহন সহ বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে

হচ্ছে । শীঘ্রই দাবি পূরণ করা না হলে আগামীদিনে ধর্ণায় বসবেন বলে জানান তারা।

******************

**State Level Kho-kho:**

রাজ্যভিত্তিক অনুর্ধ সতেরো বালক-বালিকা উভয় বিভাগের খো-খো প্রতিযোগিতা আজ থেকে কৈলাশহরের ভদ্রপল্লী স্কুল মাঠে শুরু হয়েছে। ক্রীড়ামন্ত্রী টিংকু রায় আজ বিকালে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন।

রাজ্যের আট জেলা থেকে ষোলটি দল এতে অংশ নিচ্ছে। দু'দিনের রাজ্য আসর চলবে আগামীকাল পর্যন্ত।

******************

**Weather:**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু-এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ দশমিক ছয় ডিগ্রী সেলসিয়াস।

******************

******************